



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (এইচএসটিটিআই)  
কুয়েট রোড, খুলনা।  
email : hsttikhulna@yahoo.com  
web : www.hstti.khulna.gov.bd



স্মারক নং-উমাশিপ্রইখ/প্রনি-৫৪৩(৫)/২০২০/ ৬৯৩৬

তারিখ: ২৮/০১/২০২৪খ্রিঃ

প্রাপক : অধ্যক্ষ (সকল)

-----কলেজ, খুলনা বিভাগ।

প্রিয় মহোদয়

শুভেচ্ছা রইল। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মানের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শিক্ষাক্ষেত্রে বিভিন্ন কার্যক্রম গ্রহন করে কাংখিত অগ্রগতি অর্জন করে চলেছে। এক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রশিক্ষণ শাখা বিভিন্ন বিষয়ে শিক্ষক প্রশিক্ষনের আয়োজন করে থাকে। এই প্রশিক্ষণ সমূহ বাস্তবায়ন করে থাকে উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (এইচএসটিটিআই)সমূহ।  
উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট,খুলনা ইতোমধ্যে খুলনা বিভাগের সকল কলেজের শিক্ষকগণের প্রশিক্ষণ নিশ্চিত কল্পে সকল অধ্যক্ষ মহোদয়ের নিকট ই-মেইলে পত্র প্রেরণসহ প্রতিষ্ঠানটির ওয়েবসাইট: [www.hstti.khulna.gov.bd](http://www.hstti.khulna.gov.bd) তে প্রকাশ করে আসছে। প্রশিক্ষণে শিক্ষকগণের উপস্থিতি নিশ্চিত করার জন্য পত্রে উল্লেখিত একটি লিংক এর মাধ্যমে আবেদন করার ব্যাপারে অনুরোধ করা হয়। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে অনেক প্রতিষ্ঠান প্রধান পত্রে উল্লেখিত লিংকে প্রবেশ করে প্রাপ্ত ফর্মে প্রশিক্ষণে অংশগ্রহণেচ্ছুক শিক্ষকগণের নাম এন্ট্রি না করে সরাসরি প্রশিক্ষণের দিন ভেন্যুতে শিক্ষক প্রেরণ করছেন। ফলে প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সংখ্যা অনুসরণ করতে সমস্যা হচ্ছে।

এমতাবস্থায় সম্মানিত সকল অধ্যক্ষ মহোদয়কে শিক্ষাক্ষেত্রে সরকারের কাংখিত লক্ষ্য অর্জনে প্রদত্ত নির্দেশনা অনুসরণ পূর্বক ডিজিটাল মাধ্যমে তথ্য প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। **উল্লেখ্য ডিজিটাল মাধ্যমে প্রদত্ত লিংক ব্যবহার করে তথ্য প্রদান ব্যতিত ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে কারোর প্রশিক্ষণ গ্রহণের সুযোগ নাই।**

বিয়ষটি অতীব জরুরী।

(ড. মো. আতিকুল ইসলাম পাঠান)  
পরিচালক, নায়েম, শিক্ষা মন্ত্রণালয়  
ও

পরিচালক (প্রেষণে)

এইচএসটিটিআই, খুলনা

তারিখ: ২৮/০১/২০২৪ খ্রিঃ

স্মারক নং-উমাশিপ্রইখ/প্রনি-৫৪৩(৫)/২০২০/ ৬৯৩৬

- ০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ,ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি ও ওয়েবসাইট), এইচএসটিটিআই খুলনা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। সংরক্ষণ নথি।

মুহাম্মদ আলী

আই ডি নংঃ ০২২৪৪২

সহকারী পরিচালক (প্রেষণে)

এইচ এস টি টি আই, খুলনা।

মোবাইলঃ ০১৭১২-৭৫৭৫০০

Email: [mdali3009@gmail.com](mailto:mdali3009@gmail.com)